



জিয়াউর রহমান ক্রীড়াঙ্গনকে প্রাতিষ্ঠানিক রূপ দিয়েছিলেন: রাষ্ট্রপতি



রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর। ছবি: সংগৃহীত

বাংলাদেশ অ্যাথলেটিকস ফেডারেশনের আয়োজনে শুরু হয়েছে ১৮তম জাতীয় সামার অ্যাথলেটিকস প্রতিযোগিতা। শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান, প্রয়াত প্রধানমন্ত্রী খালেদা জিয়া ও তাঁদের কনিষ্ঠ পুত্র আরাফাত রহমান কোকোর স্মরণে এবারের প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।

শুক্রবার (২৩ অক্টোবর) জাতীয় স্টেডিয়ামে তিন দিনব্যাপী এ প্রতিযোগিতার উদ্বোধন করেন রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

উদ্বোধনী অনুষ্ঠানে রাষ্ট্রপতি বলেন, জিয়াউর রহমান দেশের ক্রীড়াঙ্গনকে প্রাতিষ্ঠানিক কাঠামো দিয়েছিলেন। আর খালেদা জিয়া তৃণমূল পর্যায়ে খেলাধুলার প্রসারে কার্যকর উদ্যোগ নিয়েছিলেন।

সুস্থ ও সবল জাতি গঠনে খেলাধুলার গুরুত্ব তুলে ধরে তিনি দেশীয় অ্যাথলেটদের দক্ষতা ও সক্ষমতা বাড়ানোর ওপর জোর দেন। বিদেশি খেলোয়াড়দের ওপর নির্ভর না করে নিজেদের ক্রীড়াবিদদের যোগ্য করে গড়ে তোলার আহ্বান জানান তিনি।

বক্তব্য শেষে জাতীয় স্টেডিয়ামে পুরুষ ও নারীদের ১০০ মিটার দৌড় প্রতিযোগিতা উপভোগ করেন রাষ্ট্রপতি। পরে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন তিনি।

আরাফাত রহমান কোকোর স্মরণে আয়োজিত এ প্রতিযোগিতায় ৫৭টি সংস্থার ৫৬৫ জন অ্যাথলেট অংশ নিচ্ছেন। তাঁদের মধ্যে ৪৩১ জন পুরুষ ও ১৩৪ জন নারী। প্রতিযোগিতায় পুরুষদের ২২টি ও নারীদের ১৮টিসহ মোট ৪০টি ইভেন্ট অনুষ্ঠিত হবে।